

ইউজিসি অ্যাওয়ার্ড পাচ্ছেন ১৬ অধ্যাপক

■ সমকাল প্রতিবেদক
মৌলিক ও উদ্ভাবনীমূলক গবেষণাকর্মের স্বীকৃতি হিসেবে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) অ্যাওয়ার্ড পাচ্ছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ১৬ জন অধ্যাপক। ইউজিসি এরই মধ্যে ২০১২ সালের জন্য ৬ জন এবং ২০১৩ সালের জন্য ১০ জন শিক্ষককে এই অ্যাওয়ার্ড দেওয়ার জন্য মনোনীত করেছে। ইউজিসির পাবলিক সাপোর্ট অ্যান্ড পাবলিক ডিভিশনের উপ-পরিচালক ওমর ফারুক সমকালকে এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, গবেষকদের কাছ থেকে আবেদন পাওয়ার পর প্রথমে বাছাই কমিটি, দ্বিতীয়ত মূল্যায়ন কমিটি এবং সর্বশেষে ফাইনাল কমিটি এ গবেষকদের অ্যাওয়ার্ডের জন্য চূড়ান্ত করেছেন।

২০১২ সালের অ্যাওয়ার্ডের জন্য মনোনীতরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক তাসলিমা ইয়াসমিন, সহযোগী অধ্যাপক ড. জামিলা আহমেদ চৌধুরী, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ মিজানুর রহমান খান, বুয়েটের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের মোহাম্মদ ইউনুস আলী, ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক শাহ আলম এবং সিলেট ইঞ্জিনিয়ারিং বিভাগের ড. এম হাবিবুর রহমান।

এ ছাড়া, ২০১৩ সালের জন্য মনোনীতরা হলেন- ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক আশফাক হোসাইন, আইবিএর অধ্যাপক ড. মুহাম্মদ জিয়াউল্লাহ মামুন, ক্লিনিক্যাল ফার্মেসি বিভাগের অধ্যাপক ড. আবুল হাসনাত, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আবু বিন হাসান সূজন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান

ইনস্টিটিউটের অধ্যাপক ড. নাজমা শাহীন, বসবকু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিভাগের (অধ্যাপক) ড. এবিএম আবদুল্লাহ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক তপন কুমার সমা, বেসরকারি আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারী অধ্যাপক ড. তানভীর ফেরদৌস সাদ্দিক, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ফিশারিজ বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. শাহজাহান এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় উত্তরা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সহকারী অধ্যাপক নান্নু মিয়া।

মনোনীত শিক্ষকদের প্রত্যেককে তাদের বইয়ের জন্য ৫০ হাজার এবং প্রবন্ধের জন্য ১০ হাজার টাকা ছাড়াও সনদপত্র ও ফ্রেস্ট দেওয়া হবে। আগামী ২৯ মার্চ বিকেল ৩টায় রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে রষ্ট্রপতি আবদুল হামিদ শিক্ষকদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেবেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মৌলিক গবেষণা ও প্রকাশনায় উৎসাহ দিতে ১৯৮০ সাল থেকে ইউজিসি এ অ্যাওয়ার্ড চালু করে।